



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নম্বর-বিঅ-৬/৩৬১৪/৩৩৬

তারিখ: ১১-০৪-২০২৩ খ্রি.

বিষয় : মাধ্যমিক পর্যায়ে একাডেমিক অস্থায়ী স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) বিদ্যালয় মঞ্জুরি কমিটির ০৩-০৪-২০২৩ তারিখের ৫৬তম সভার সিদ্ধান্ত এবং বোর্ড কমিটির ২৬৯তম সভায় অনুমোদনকৃত।  
খ) প্রধান শিক্ষকের ০৩-১২-২০২০ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-৩৩১৭)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিগত ০৩-০৪-২০২৩ খ্রি. তারিখের ৫৬তম বিদ্যালয় মঞ্জুরি কমিটির ০৫ নং আলোচ্যসূচির ০২ নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে ০১-০১-২০২২ খ্রি. তারিখ হতে ৩১-১২-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে একাডেমিক অস্থায়ী স্বীকৃতির অনুমতি প্রদান করা হলো।

### শর্তাবলি :

- ১। অস্থায়ী স্বীকৃতির ক্ষেত্রে পত্র প্রাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে বিধি মোতাবেক নিয়মিত কমিটি গঠন পূর্বক অনুমোদনের জন্য অবশ্যই বোর্ডে দাখিল করতে হবে তবে যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি চলমান আছে সেক্ষেত্রে শর্তটি প্রযোজ্য হবেনা।
- ২। এমপিওভুক্ত না হওয়া পর্যন্ত নিয়োগকৃত শিক্ষকদের বেতন-ভাতা সরকারি বেতনক্রম অনুসারে বিদ্যালয় কর্তৃপক্ষ বহন করবে।
- ৩। ছাত্র/ছাত্রীদের প্রতিদিনের উপস্থিতিসহ বিদ্যালয়ের সকল তথ্য ওয়েবসাইটে প্রদান করতে হবে।
- ৪। পাঠ্যক্রম অনুযায়ী পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।
- ৫। বোর্ডের পূর্বানুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না।
- ৬। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমের আয়োজন করতে হবে।
- ৭। বিদ্যালয় অঙ্গনে ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপণ ও উহা রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ৮। লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের তথ্য আপলোড করতে হবে।
- ৯। বিদ্যালয়ে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করে লেখাপড়ার মান উন্নয়নে আরও সচেষ্ট হতে হবে।
- ১০। সকল শিক্ষককে কম্পিউটার পরিচালনার প্রাথমিক জ্ঞান অর্জন করতে হবে।
- ১১। ভর্তি, নিবন্ধন বা পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমসহ সর্বক্ষেত্রে বোর্ড অথবা সরকার কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।
- ১২। ছাত্রদের জন্য স্কাউট ও ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে এবং দেয়াল পত্রিকা ও স্কুল ম্যাগাজিন প্রকাশ করতে হবে।
- ১৩। বোর্ড কর্তৃক সরবরাহকৃত প্রশ্নব্যাংক থেকে প্রশ্নপত্র ডাউনলোড করে অভ্যন্তরীণ পরীক্ষাসমূহ পরিচালনা করতে হবে।

প্রধান শিক্ষক

গরীবপুর মাধ্যমিক বিদ্যালয় (১১৪৮৬৭)

টেকের বাজার, চিতলমারী, বাগেরহাট

১১/৪/২৩

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৬২৭০৫

স্মারক নম্বর-বিঅ-৬/৩৬১৪/৩৩৬(১-১২)

তারিখ : ১১-০৪-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।  
{দৃষ্টি আকর্ষণ: পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা}
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- ৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। পরিচালক, উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রশিক্ষণ ইনস্টিটিউট, খুলনা।
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৮। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৯। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, চিতলমারী, বাগেরহাট।
- ১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চিতলমারী, বাগেরহাট।
- ১২। সংরক্ষণ নথি।

১১/৪/২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

১১/৪/২৩